হংসদূত

শ্রীহিরেন্দ্রনারায়ণ মুখোপাধ্যায়

চিত্রশিল্পী

শ্রীপূর্ণচন্দ্র চক্রবর্ত্তী

বাঙলার নিজস্ব কাব্য-চিন্তা পূর্ণতা লাভ ক'রেছে বৈষ্ণবযুগে। ভারবী, ভবভূতি, কালিদাস, মাঘ ও শ্রীহর্ষের পর প্রায় সাত শত বৎসরকাল ভারতের কবিত্ব নিষ্ক্রিয় ছিল। এ দেশে গৌরব ক'রবার মত সৃষ্টি যে আর কোনদিন হবে, সে আশা ছিল না। নূতন কাব্য ও সাহিত্য সৃষ্টি ক'রবার ক্ষমতা হয় ত লুপ্ত হয় নি ; কিন্তু পূর্ব্ববর্ত্তী কবিদের সুরে সুর মিলিয়ে গাইবার শক্তি লুপ্ত হ'য়েছিল। সহসা এই নিষ্ক্রিয়তার প্রাচীর ভেঙে গ'ড়ে উঠল এক নূতনতর যুগ ; যখন জয়দেব, বিদ্যাপতি, চণ্ডীদাস, রূপ, গোবিন্দদাস, জ্ঞানদাস ও লোচনদাস প্রভৃতি কবিগণ একে একে এসে, অলোকসামান্য প্রতিভার পঞ্চ-প্রদীপে কাব্যভারতীর মঙ্গলারতি ক'রে গেলেন। এই হ'ল সেই বৈষ্ণব যুগ—যে যুগে বাঙলার সমাজ ও মন এক অভিনব ছন্দের সঙ্গে ওতপ্রোত ভাবে মিশে গেল।

বৈষ্ণব-সাহিত্যের বিশিষ্ট সম্পদ প্রেমকাব্য। নায়ক-নায়িকার অন্তরের নিগূঢ় সত্য যেন বৈষ্ণব প্রেমকাব্যে মূর্ত্ত হ'য়ে উঠেছে। রূপ, রাগ, রস, অভিসার, মিলন, মান, বিরহ ইত্যাদি বিভিন্ন রসধারা যেমন নিখুঁত ভাবে বৈষ্ণবকাব্যে আত্মপ্রকাশ ক'রেছে, বিশ্বসাহিত্যে প্রেমকাব্যের তেমন রসব্যাপ্ত স্ফূর্ত্তি আর কোথাও হয় নি।

বৈষ্ণব যুগের সমস্ত কাব্যই গ'ড়ে উঠেছে রাধাকৃষ্ণ-প্রেমের অফুরন্ত লীলারহস্য অবলম্বন ক'রে ; কিন্তু তাই ব'লে বৈষ্ণব প্রেমকাব্য শুধু বৈকুণ্ঠের সম্পদ নয়। পার্থিব জীবনের দৈনন্দিন গতিপথে নরনারীর বুকে যে চিরন্তন প্রেমের ঘাতপ্রতিঘাত চলেছে, তারই অন্তরের নিগূঢ় সত্য রূপায়িত হ'য়েছে দেবতার উদ্দেশে গাঁথা ওই প্রেমের মন্দার-মালায়।

"এই প্রণয় স্বপন

শ্রাবণের শর্ব্বরীতে কালিন্দীর কূলে,
চারি চক্ষে চেয়ে দেখা কদম্বের মূলে
সরমে সম্ভ্রমে—একি শুধু দেবতার ?
এ সঙ্গীত-রসধারা নহে মিটাবার
দীন মর্ত্ত্যবাসী এই নরনারীদের
প্রতি রজনীর আর প্রতি দিবসের
তপ্ত প্রেমতৃষা ?

*   *   *   *   *   *

*   *   *   *   *

এই প্রেমগীতিহার

গাঁথা হয় নরনারী-মিলন-মেলায়,

কেহ দেয় তাঁরে, কেহ দেয় বঁধুর গলায়।

দেবতারে যাহা দিতে পারি, দিই তাই

প্রিয়জনে—প্রিয়জনে যাহা দিতে পাই।

তাই দিই দেবতারে ; আর পাব কোথা ?

দেবতারে প্রিয় করি, প্রিয়েরে দেবতা

দেবতার উদ্দেশে রচিত প্রেমকাব্যের সেই অফুরন্ত খনিতে লুকিয়ে আছে মানুষেরই প্রাণের কথা, যেখানে দেবতার সিংহাসনে প্রিয় আর প্রিয়ের মন্দিরে দেবতা পেয়েছেন আসন।

রূপ গোস্বামীর হংসদূত সেই প্রেমকাব্যের একখানি শ্রেষ্ঠ নিদর্শন। মহাকবি কালিদাস বিরহী যক্ষের মর্ম্মন্তুদ বেদনার গানে এক অভিনব স্বপ্নলোক সৃষ্টি ক'রেছিলেন 'মেঘদূতে', আর অমর কবি 'রূপ' বিরহিনী রাধা ও গোপাঙ্গনাদের বিধুর চিত্তকুসুম চয়ন ক'রে, মানস লোকের এক অপরূপ ছায়াপথ সৃষ্টি ক'রেছেন 'হংসদূতে'। কালিদাস ক'রেছেন বিরহী নায়কের মনোবিশ্লেষণ—বেদনা-মন্থর 'মন্দাক্রান্তা'র যাদু-মন্ত্রে ; আর রূপ এঁকেছেন বিরহিনী নায়িকার চিত্তছবি—বিধুরা 'শিখরিণী'র অনবদ্য ছন্দ-তুলিকায়। নায়ক ও নায়িকা-চরিত্রের দুটি বিভিন্ন দিক্ পরিস্ফুট হ'য়ে উঠেছে এই দু'খানি 'দূত' কাব্যে।

হংসদূতের কবি রূপ গোস্বামী ছিলেন মহাপ্রভুর অতিপ্রিয় সহচর। ১৪৮৯ খৃষ্টাব্দে বর্ত্তমান কাটোয়া মহকুমার অন্তর্গত ঝামটপুরের সন্নিকটবর্ত্তী নৈহাটি গ্রামে ইহার জন্ম হয়। রূপের পিতার নাম ছিল কুমারদেব, আর মাতা ছিলেন রেবতী দেবী। কুমারদেব কর্ণাটরাজ জগৎগুরুর বংশধর ছিলেন। ১৪১৪ খৃঃ রাজা জগৎগুরু সর্ব্বজ্ঞের মৃত্যুর পর তাঁর একমাত্র পুত্র অনিরুদ্ধ সিংহাসনে আরোহণ করেন। অনিরুদ্ধ বেশী দিন রাজত্ব ক'রতে পারেন নি। মাত্র দু' বৎসর রাজত্ব ক'রে ১৪১৬ খৃঃ অনিরুদ্ধের মৃত্যু হয়। তখন তাঁর জ্যেষ্ঠপুত্র রূপেশ্বর সিংহাসনে ব'স্‌বার আয়োজন করেন। কিন্তু অভিষেকের পূর্ব্বেই তিনি জান্‌তে পারলেন যে, তাঁর কনিষ্ঠ হরিহর সিংহাসন লাভের জন্য নানারূপ হীন ষড়যন্ত্রে লিপ্ত হ'য়েছেন। এ সংবাদে রূপেশ্বর অত্যন্ত ব্যথিত হ'লেন। তুচ্ছ সিংহাসনের জন্য ভ্রাতৃবিরোধ ক'রবার প্রবৃত্তি তাঁর হ'ল না ; স্বেচ্ছায় হরিহরের হাতে রাজ্যভার তুলে দিয়ে রূপেশ্বর কর্ণাট ত্যাগ ক'রে, বাঙলায় এসে পিতৃবন্ধু গৌড়েশ্বরের মন্ত্রিত্ব গ্রহণ ক'রলেন। ১৪৩৩ খৃঃ রূপেশ্বরের মৃত্যুর পর, তাঁর পুত্র পদ্মনাভ পিতৃপদে অধিষ্ঠিত হন। পদ্মনাভ ৫৯ বৎসর বয়সে গৌড়ের মন্ত্রিত্ব থেকে অবসর নিয়ে গঙ্গাতীরবর্ত্তী নৈহাটি গ্রামে বাস স্থাপন করেন। পদ্মনাভের

কনিষ্ঠ পুত্র মুকুন্দ ছিলেন কুমারদেবের পিতা সনাতন, রূপ ও অনুপম কুমারদেবের পুত্র। আপন আপন প্রতিভার বলে তিন জনই চৈতন্যযুগে সম্মানের বিশিষ্ট আসন পেয়েছিলেন।

সনাতন ও রূপ অল্প বয়সেই সংস্কৃত ভাষায় অসাধারণ ব্যুৎপত্তি লাভ করেন। সংস্কৃত শিক্ষা শেষ হ'লে উভয়ে সপ্তগ্রামের বিখ্যাত ফার্সী পণ্ডিত ফক্‌রুদ্দিন গাজীর নিকট ফার্সীভাষা শিক্ষা করেন। সনাতন যেমন নির্ভীক ও তেজস্বী ছিলেন, তেমনি অসামান্য ছিল তাঁর প্রতিভা। গৌড়েশ্বর সনাতনের গুণপরিচয়ে মুগ্ধ হ'য়ে তাঁকে প্রধান মন্ত্রীর পদে বরণ করেন। তার পর রূপ ও অনুপম (বল্লভ) অগ্রজের অনুসরণ ক'রে গৌড়েশ্বরের অধীনে উচ্চ পদ গ্রহণ করেন। কিন্তু কিছুকাল পরেই মহাপ্রভুর সংস্পর্শে রূপ ও সনাতনের মনে বৈরাগ্যের উদয় হয়, এবং উচ্চ রাজপদ ও অতুল ঐশ্বর্য্য ত্যাগ ক'রে তাঁরা সন্ন্যাস অবলম্বন করেন। সনাতন ও রূপের পিতৃদত্ত নাম ছিল অমর আর সন্তোষ। গৌড়েশ্বর সনাতনকে সাকর-মল্লিক এবং রূপকে দবীরখাস উপাধি দান করেন। কিন্তু মহাপ্রভু ১৫১৬ খৃষ্টাব্দে দুই ভাইকে দীক্ষা দিয়ে তাঁদের নামকরণ করেন সনাতন আর রূপ। সনাতন ছিলেন অসাধারণ পণ্ডিত, আর রূপ ছিলেন চৈতন্যযুগের অদ্বিতীয় কবি। কনিষ্ঠ বল্লভের পুত্র শ্রীজীব গোস্বামী রূপের নিকট শাস্ত্র ও ধর্ম্ম শিক্ষা করেন। পরবর্ত্তী যুগে জীব গোস্বামী ভারতে অপ্রতিদ্বন্দ্বী পণ্ডিত ব'লে খ্যাত হ'য়েছিলেন।

রূপ ও সনাতন শেষ জীবন অতিবাহিত করেন বৃন্দাবনে। রূপ একাধারে কবি, সাধক ও বৈষ্ণব ধর্ম্মের আদর্শ গুরু ছিলেন। কেউ কেউ বলেন—মেবারের রাণী স্বনামধন্যা মীরাবাঈ বৃন্দাবনে সাধক কবি রূপ গোস্বামীর নিকট বৈষ্ণব ধর্ম্মে দীক্ষা গ্রহণ ক'রেছিলেন। জীবনের শেষ কয়েক বৎসর সনাতন ও রূপ উভয়েই বহু বৈষ্ণব গ্রন্থ প্রণয়ন করেন। ১৫৬৩ খৃষ্টাব্দে বৃন্দাবনে কবির দেহাবসান হয়।

রূপ গোস্বামীর আর কয়েকখানি উল্লেখযোগ্য দান—ললিতমাধব, বিদগ্ধমাধব, উদ্ধবসন্দেশ, প্রেমেন্দুসাগর, ভক্তিরসামৃতসিন্ধু ও উজ্জ্বলনীলমণি। উজ্জ্বলনীলমণির সমকক্ষ গ্রন্থ বিশ্বসাহিত্যেও দুর্ল্ভ। নায়ক-নায়িকার চরিত্র বিশ্লেষণ ও রতি বিষয়ক আলোচনা উজ্জ্বলনীলমণির মূল বিষয় বস্তু। বিশ্ববিখ্যাত অধ্যাপক ফ্র্যয়েড, হ্যাভলক্ এলিস্, উইলিয়ম ষ্টেকেল ও ম্যারি কারমাইকেল ষ্টোপস্ প্রভৃতির দান অপেক্ষা উজ্জ্বলনীলমণি কোন অংশে ন্যূন নয়।

রূপ গোস্বামী বাঙালী ছিলেন, কিন্তু তাঁর গ্রন্থগুলি সংস্কৃত ভাষায় লিখিত ব'লে বর্ত্তমান যুগের সঙ্গে বিচ্ছিন্ন হ'য়ে পড়েছে। এ অনুবাদ রূপ গোস্বামীর সঙ্গে জনসাধারণের পরিচয় স্থাপনে বিন্দুমাত্র সহায়তা ক'রলেও, আমার পরিশ্রম সার্থক হবে।

মহালয়া

আশ্বিন, ১৩৪৩ বঙ্গাব্দ

শ্রীহীরেন্দ্রনারায়ণ মুখোপাধ্যায়

হিয়ার পরশ লাগি
　　　　হিয়া মোর কাঁদে,
পরাণ পুতুলি হায়
　　　　থির নাহি বাঁধে।

—লোচনদাস

উৎসর্গ

হমর দুখক নাহি ওর।
ঈ ভরা বাদর মাহ ভাদর,
শূন্য মন্দির মোর।

* * * *

তিমির দিগ ভরি ঘোর যামিনী
অথির বিজুরি পাঁতিয়া।
বিদ্যাপতি কহে কৈসে গমায়ব
হরি বিনু দিন রাতিয়া॥

—বিদ্যাপতি

সে রূপ-সায়রে নয়ন ডুবিল,
সে গুণে বান্ধল হিয়া
সে সব চরিতে, ডুবিল যে চিতে
নিবারিব কিবা দিয়া!

—চণ্ডীদাস

আমার বাহির দুয়ারে কপাট লেগেছে
ভিতর দুয়ার খোলা।
তোরা নিসাড় হইয়া আয়লো সজনি,
আঁধার পেরিলে আলা॥

—চণ্ডীদাস

রূপ লাগি আঁখি ঝরে
গুণে মন ভোর ;
প্রতি অঙ্গ লাগি কাঁদে
প্রতি অঙ্গ মোর।

—লোচনদাস

সেই বিরহ সাগর তলে

ডুবল সারা পরাণ মন

ঘূর্ণী, ঘন ব্যথার চাপে

অশ্রুঝরে অনুক্ষণ

বন্দনা

দলিত-হরিতাল-দ্যুতি সিঞ্চিত পীত বসনধারা,
উজ্জ্বল নব রক্তজবা-রঞ্জিত রাঙা-চরণচারী ।
কৌতুকলীলা-লাস্যভরে মঞ্জরে হাসি বিম্বপুটে,
কজ্জ্বলনয়ন নিত্যছবি চিত্ত-আকাশে উঠুক ফুটে ।

গোপবালাদের প্রিয়তম বল্লভ
মথুরায় চলিয়া গিয়াছেন-

শ্যামল সখা বিহনে আজ

কুঞ্জভবন অন্ধকার,

কোমল-হিয়া কৃষ্ণপ্রিয়া

সইতে নারে দুঃখ ভার।

সেই বিরহ সাগরতলে

ডুব্‌ল সারা পরাণমন,

ঘূর্ণীঘন ব্যথার চাপে

অশ্রু ঝরে অনুক্ষণ।

তিন

একটি কণা শান্তি আশে
বিভলমনা রাই
শিথিল পদে সখীর সাথে
চল্‌ল যমুনায়।
অভিসারের কুঞ্জগেহ
লতাবিতান সই,
আজিও সেই তেমি আছে
পরাণপ্রিয় কই ?
চিত্তজ্বালা দ্বিগুণ জ্বলে
নিঠুর লিপি ফলে ;
সংজ্ঞাহারা স্বর্ণকলি
লুটায় ভূমিতলে।

চার

সংজ্ঞাহীনা কৃষ্ণপ্রিয়ার নিথর তনু জড়িয়ে বুকে
যত্নে রাখে সঙ্গিনীরা শুভ্র মৃণাল শয়ন 'পরে ;
মর্ম্মব্যথা উদাস-চোখে উথ্‌লে ওঠে গভীর দুখে,
পার্শ্বে বসি' সুন্দরীরা লীলাকমল ব্যজন করে।
স্নেহের বশে বান্ধবীদের কোমল চিত সশঙ্কিত,
কান্না যেন রোধ মানে না স্তব্ধ নিতল হিয়ারতলে ;
আজকে বুঝি স্রোত-যমুনা হবে উতল উচ্ছ্বসিত
সঙ্গীহীনা গোপাঙ্গনার তপ্ত কাজল-আঁখির জলে।

পাঁচ

সই ললিতার হৃদয়লীনা
কমলমুখী রাই,
পদ্ম-পলাশ ব্যজন পেয়ে
মুখটি তুলে চায়
তাই দেখে সব সঙ্গিনীদের
হর্ষ জাগে মনে,
কুঞ্জকানন মুখর হ'ল
মধুর আলাপনে।

ছয়

বিধুর-হিয়া রাইকে রাখি কমলশয়নে,
আকুল চিতে চাইছে সখী চপল নয়নে :
এম্‌নি সময় দেখল চেয়ে
একটি মরাল শঙ্খবরণ
এগিয়ে আসে তাদের পানে
নাচিয়ে লঘু ছন্দে চরণ।
শুভ্র গ্রীবা ঊর্দ্ধে তুলে'
গাইছে কলকণ্ঠে গান ;
কালিন্দীরি স্তব্ধ ঘাটে
উতল করে শূন্য প্রাণ।

সাত

তাই দেখে সে হৃষ্ট মনে
এগিয়ে চলে ধীরে,
সাদর-প্রীতি সম্ভাষিয়া
শুক্র পাখীটিরে।
সহসা সেই বিহগ পেয়ে
ভরসা হ'ল মনে—
বিরহের এ বার্ত্তা আজি
পাঠায় মধুবনে।
যোগ্য এ-দূত সে বারতার,
যাবে আকাশ পথে ;
জানাবে সব দুখের কথা
নিঠুর মনোমথে।

আট

অমর্ষে প্রেম-ঈর্ষা জাগে
কৃষ্ণসখীর বক্ষতলে,
মুক্ত মনে সেই বিহগে
দুখের কথা আপনি বলে।
এম্নিতর প্রণয়ে যার
ভেঙে গেছে চিত্ত-আগল,
আত্ম পরে ভেদ ভুলেছে,
মনব্যথা-স্পর্শ পাগল।
দোষ কি, যদি বিহঙ্গে সে
প্রার্থনা তার জানিয়ে থাকে !
গভীর প্রেম বিচ্ছেদে হায়
অবিশ্বাসের বাঁধ কি রাখে ?

দশ

যতেক অভাগী-মোদের ভুলিয়া
জ্বালায়ে বিরহ জ্বালা,
মথুরা-নগরে সুখের সাগরে
রভসে যাপয়ে কালা।
এ-সব দুখের দাহন বারতা
যতনে স্মরণে গাঁথি,
ত্বরিত গমনে নিঠুর নাগরে
জানায়ে এস গো সাথী।

নয়

নীল যমুনা পুণ্য তোয়ে
নিত্য তোমার বাস,
শুভ্র মৃণাল আমোদ ভোগে
কাটাও বরষ-মাস।
কোমল-হিয়া মহৎ তুমি,
তাই ত তোমার কাছে,
দুখিনী এই গোপাঙ্গনা
সহায়-শরণ যাচে।
মহৎ পাশে ভিক্ষা দীনের
হয় না বিফল জানি,
তাই অবলা তোমায় প্রিয়
জানায় মর্ম্মবাণী।

ওপারে।

গোপিনীগণের জীবনবন্ধু
কৃষ্ণেরে সাথে ল'য়ে—
নিষ্ঠুর-মতি অক্রুর যথা
গেছে যেই পথ ব'য়ে
জগৎবিদিত সেই পথে প্রিয়
গেও তুমি মথুরায় ;
যৌবনশালী নট-নিঠুরের
দরশন কামনায়।

এপারে।

মথুরা পথের যাত্রা তোমার
কল্যাণময়ী হোক্।
পুলকিত মনে ক্ষিপ্রগতিতে
উজলি' বীক্ষ্য-লোক,
উড্ডীন হও সুনীল আকাশে
দরদী বন্ধু প্রিয় !
চপল ছন্দে বিথারি পক্ষ-
পল্লব রমণীয় !
ঊর্দ্ধ নয়নে তোমারে হেরিয়া
ব্রজশিশু চঞ্চল
বিপুল হর্ষে হবে ধাবমান
করি মৃদু কোলাহল।

তেরো

তাঁরি রথের চক্র-রেখা
মাটির বুকে দেখবে লেখা ;
দেখ্‌বে সেথা বিবশ তনু
গোপাঙ্গনা সবে—
গণ্ড ব'য়ে ঝ'রছে ধারা,
বিলাপ গানে আত্মহারা,
মদন-তাপে অবশ-হিয়া
শূন্যে চেয়ে রবে।

চোদ্দ

শশিকলাসম কমলমৃণালে
মিটিয়ে ক্ষুধা,
পান ক'রে নীল তপনবালার
সলিল-সুধা,
ছায়াঘনশাখে হৃষ্ট মানসে
বিরাম ল'য়ে,
যাও সখা ধীরে বৃষ্ণিনগরে
বারতা ব'য়ে।

পনেরো

অক্রূর সাথে
আরোহিয়া রথে
গেল যবে প্রাণনাথ,
কুসুম সমান
গোপিনী পরাণে
হইল বজ্রপাত ;
দূর হ'তে সবে কাঁদিয়া কাঁদিয়া,
নিরাশ-আশায় হৃদয় বাঁধিয়া,
অনুসরি সেই
নিঠুর নাগরে
চলেছিল যেই পথে ;
সে-পথ বহিয়া
যাও মথুরায়,
লভিবে সে মনোমথে।

তাঁহারে বন্ধু ক'রো নিবেদন
অবলা নারীর প্রাণের বেদন।
কীর্ত্তি তোমার
রবে চিরদিন
ব্যাপ্ত ভুবনময়
মহৎ যে-জন
সেই ত বিশ্বে
দুখের দরদী হয়

ষোল

ক্লান্ত হ'লে ক্ষণেক প্রিয়,
কদম্ব শাখে জিরিয়ে নিও ;
দেখ্‌বে যেতে পথের পাশে
ঘন শাখায় যার,
সবুজ কচি কিশলয়ের
অপূর্ব্ব সম্ভার।
সেই বিটপী-শাখায় উঠি,
নিত মোদের হৃদয় লুটি ;
গোপিকাদের কৃষ্ণপ্রেমের
জান্‌তে পরিচয়,
বসন চুরি ক'র্‌ত কালা
মান্‌ত না বিনয়।

সতেরো

তমালশ্যাম অঙ্গ-উজল
কলাপী এক চিত্তলোভা
রইত ব'সে সেই পাদপে
ছড়িয়ে হেমকান্তি-শোভা।
দেখ্‌লে তারে জাগ্‌ত মনে
চিত্র সে-কি দীপ্যমান,
আনন্দেরি লহর তুলে
গাইত মধুকণ্ঠে গান !

আগ্রা

দেখ্‌বে তুমি পথের পাশে
রাসের লীলাভূমি,
তৃপ্ত হবে নয়ন ছুটি
সুরম্য-রূপ চুমি।

বৃত্তাকারে নৃত্য সেথায়
ক'র্‌ত গোপাঙ্গনা,
হৃষ্টাবালা-অঙ্গরাগের
ঝ'র্‌ত মদ-কণা।
স্পর্শে তারি শ্যামল হ'ত
শ্যামের লীলাস্থল;
চরণ-ছাঁদে চূর্ণ হ'ত
মল্লী সমুজ্জ্বল।

উনিশ

অদূরে তার শ্যামের প্রিয় বাসন্তী-বিতান,
অনঙ্গ-উৎসবের নিকেতন।
নয়ন ছুটি যত্নে সখা সাম্‌লে চ'লো সেথা,
নইলে হবে প্রেম-উতলা মন ;
গতি তোমার স্তব্ধ হবে, ক্ষান্ত হবে চলা,
পথের কথা যাবেই তুমি ভুলে ;
বিরহের এ অগ্নিতাপে যতেক গোপবালা
প্রাণ হারাবে এই যমুনা-কূলে।

কুড়ি

ক্ষণেক যদি বিলম্ব হয়
তবুও ভাই তুমি,
চলতে পথে যত্নে দেখো
শ্যামের লীলাভূমি।
ব্যর্থ সখা হবে না সেই
তীর্থ দরশন,
চিত্তখানি পূর্ণ হবে—
শুদ্ধ অনুখন।

একুশ

বারেক শুনি বেণুর ধ্বনি আভীর-বণিতা
মিল্‌ত যেথা রহঃক্রীড়া তরে,
শ্যামল কচি বল্লরিদল গভীর আবেশে
জড়িয়ে আছে অঙ্গে থরে থরে ;
যেথায় ধেনু সবুজ তৃণে মনের হরষে
মিটায় ক্ষুধা অহর্নিশি ধরি'
শয়ন রচি' শিলার বুকে বিজন বিপিনে
রইত যেথা চিত্ত-চোরা হরি ;
দেখ্‌বে তুমি শৈল-শিখর 'গোবর্দ্ধনে' সে
পরম সুখে পূর্ণ হবে হিয়া।
সেই ত প্রিয় সাক্ষী মোদের সকল মিলনে
গোপন কথা যত্নে আবরিয়া।

বাইশ

চক্রপাণি করাম্বুজে
স্থান দিয়েছেন যাঁরে,
এই সে-গিরি শৈলকূলপতি ;
গর্ব্বভরে স্বর্গরাজে
জয় ক'রেছেন রণে,
সার্থক-নাম বিশ্বখ্যাত অতি !

ভেইশ

দেখ্‌বে তুমি প্রান্তে তারি
চপলা সব কিরাত-নারী
তমাল হেরি আচম্বিতে
তপ্ত তনুমন ;
উদাস হৃদে অলখিতে
প্রণয়জ্বালা-ক্লিষ্ট চিতে,
জপ্‌ছে মনে সেই কপটী
কৃষ্ণে অনুখন।

স্নিগ্ধ তব পক্ষ-বায়ে
স্নেহের ছোঁয়া লাগ্‌বে গায়ে,
জুড়াবে সেই অঙ্গনাদের
অঙ্গদাহ সখা !
কালিন্দীরি সলিলমাখা
শুভ্র তব কোমল পাখা
ভ’র্‌বে নব সজীবতায়
শৈল উপত্যকা।

চব্বিশ

তার ওপারে শ্রীকান্তেরি রতিবিলাস-বীথি,
কদম্ব-গেহ কুঞ্জ অনুপম ;
দেখলে সখা হর্ষে দোলে রসমুখর হৃদি,
সুভোগ্য সে-দৃশ্য মনোরম।
সেথায় প্রিয় ক্ষণেক তরে লভি বিরাম সুখ,
ফুল্ল যদি না হয় তব হিয়া,
বিফল জেনে চিত্তরসের লীলা-চতুরপণা ;
বৃথাই তব প্রেমের দূতক্রিয়া।

পঁচিশ

বৃন্দাবনের প্রান্তদেশে
চল্‌তে সখা দেখ্‌বে তুমি,
শুভ্র-শারদ মেঘের মত
উজল ক'রে ক্ষেত্র-ভূমি
রয়েছে সেই অরিষ্টেরি
শুষ্ক-চির অস্থি-শির।
কৈলাসেরই শিখর ভ্রমে
দেখ্‌বে সেথা কর্‌ছে ভিড়
শম্ভু-সখা যক্ষরাজের
ভৃত্য যত সরল মন ;
সুদূর হ'তে আস্‌ছে ধেয়ে
কর্‌তে গিরি আরোহণ।

ছাব্বিশ

গান গেয়ে তুমি আপনার মনে,
সলীল ছন্দে যাও মধুবনে।
আজ বিরহের দশম দশায়—
অবলা হৃদয় কাঁদে নিরাশায়।
প্রাণহীনা সবে মর্ম্মের দুখে,
পথ চেয়ে আছে পাণ্ডুর মুখে।
শুনিয়া তোমার কণ্ঠের ধ্বনি,
হয়ত কাতরা শতেক রমণী
নিথর তনুতে ফিরে পাবে প্রাণ,
স্মরিয়া শ্যামের নূপুরের গান।

সাতাশ

ঘনশ্যামল ভাণ্ডীরেতে বস্‌বে ক্ষণকাল,
পল্লবে যার সোনালি রোদ্ নাচে সমুত্তাল ;
ছায়ামেদুর সে-কাননের কোমল পরশেতে
চিত্ত তোমার উঠ্‌বে দুলে বিপুল হরষেতে।
শ্বেতপতাকা উড়িয়ে যবে চল্‌বে আবার ধেয়ে,
শঙ্খপাণির মূর্ত্তিখানি ফুট্‌বে আকাশ ছেয়ে।

আটাশ

বিশ্বপিতার নয়ন-ঝরা
প্রেমের ধারায় অবিরাম,
সিক্ত সেথায় সবুজ তৃণ
নিত্য নয়ন-অভিরাম ;
সেই বিদিত ব্রহ্মপুরে
তোমার দেখি আগমন,
জাগ্‌বে যত বনদেবীর
চিত্তে পুলক আলোড়ন।
চতুর ওগো, তোমায় হেরি
ভাব্‌বে তারা অবিকল
হংসরথীর চরণপাতে
ধন্য হ'ল বনস্থল।

ঊনত্রিশ

সখা, তাঁহারি দরশ আশে,
অঙ্গনা যত—
দুখভারে নত,
যমুনা-পুলিনে আসে।
বিরহ মলিন
আঁখে নিশিদিন
বেদনা অশ্রু ঝরে,
চরণের গতি
মানে না বিরতি
পিচ্ছিল পথ 'পরে।
সেই নিঠুর দরদী কালা
বাম তেঁহো প্রতি,
তবু যেন অতি—
বাড়িছে বিরহ জ্বালা।

একত্রিংশ

দেখ্‌বে সেথা বৃন্দাদেবী
চিত্ত ক্লেশে শীর্ণকায়া,
কোমল কচি মঞ্জরিকা
আঁক্‌বে মনে অশ্রু-মায়া ;
সেই তুলসী বিষ্ণুপ্রিয়া
গোপিনীপ্রেম মর্ম্ম জানে ;
বিনয় ভরে নমস্তুতি
জানিয়ো তুমি তাঁরি স্থানে।

ত্রিংশ

মুরারি যেথায় চপল ছন্দে
নৃত্য করিত মহা-আনন্দে
কালিয়া নাগের শিরে,
ফণি-মণি-খসা সেই সে তড়াগে
সুনীল অঙ্গ শোভে নীলরাগে,
তটভূমি ঘিরে ঘিরে।
প্রাণ ভ'রে সখা পান ক'রো তারি
কদম-কেশর-সুরভিত বারি—
ফিরে পাবে নব বল ;
বিশ্ব মাগিছে যে-রাঙা চরণ,
সেই পদরেণু করিয়া বরণ
পুণ্য সে-হ্রদ জল।

বত্রিশ

এমনি ক'রে কেকামুখর একাদশটি কুঞ্জ ছাড়ি,
দেখ্‌বে সখা কাননবীথি যেই,
ছায়ামেদুর আম্রবনের সবুজ ঘন আঁচল ঢাকা
সেই মথুরা, তুলনা তার নেই।
যদুকুলের শুভ্র বিমল যশের রাশি ভুবন ভরা,
দেখ্‌বে তুমি তাদের সেথা বাস;
ইন্দ্রপুরের প্রাসাদ জিনি, সুরম্য সে হর্ম্ম্যখানি
কীর্ত্তিগাথা গাইছে বারোমাস।

তেত্রিশ

কৈলাসেরই শিখর সম
বিশাল পুরী অগণন,
স্তম্ভমালায় কর্‌ছে শোভা
সেই মথুরা অতুলন।
উল্লসিত উপবনের
প্রস্ফুটিত পুষ্পদল
মধুর-জলা সেই মথুরা
কর্‌ছে সখা সমুজ্জ্বল।

তাহারি দরশ আশে,
অঙ্গনা যত, সুখভারে নত,
যমুনা পুলিনে আসে।

চৌত্রিশ

দেখ্‌বে কোথাও শম্ভুবাহন
নবীন তৃণে মিটায় ক্ষুধা,
কেলি-মুখর মরালগুলি
কমলমূলে খুঁজ্‌ছে সুধা ;
কোথাও শিখী অবাধ মনে
বিষধরের জীবন নাশে,
শালের বনে ইন্দ্রবাহন
ঝঞ্ঝা তোলে বিপুল গ্রাসে

পঁয়ত্রিশ

রাধার প্রতি

শিথিল তব বসনখানি আজকে যে গো সখি,
এলিয়ে যায় কর সীমা হ'তে,
কণ্ঠমালার মুক্তাবলী মনের অগোচরে
ছড়িয়ে পড়ে ব্রজের পথে পথে।
উন্মাদিনী কমলমুখি, দেখ্‌লে দশা তোর
কুলটারাও হাস্‌বে সখি আজ,
কলঙ্কেরি হান্‌বে দাগা, ওলো অসংবৃতে
মদির মনে হারাস্‌নে গো লাজ

ছত্রিশ

বিরহে আজ চিত্তহারা
হ'য়েছ কি এতই সই !
দখিন পায়ে অলক্তিমা
অন্যটিতে চিহ্ন কই ?
প্রসাধনেও কৃষ্ণপ্রিয়া
এমনি হ'লে উন্মনা,
মদন-তাপে ক্লিষ্ট ভাবি'
হাস্‌বে পুর-অঙ্গনা ।
অপমানের তপ্ত শেলে
পরাণ যদি যায় রাধা,
পুষ্প-ধনুর গর্ব্বে সখি
কেমনে বল্‌ দিই বাধা !

সাঁইত্রিশ

সদ্য-ফোটা অশোক ফুলে
সজ্জিত সে নিরুপম
কংসজয়ী চ'ল্‌তে পথে
ঘটাচ্ছে কি চিত্ত-ভ্রম !
অপাঙ্গেরি লীলায় কি গো
পৌরবীথি হর্ষময়,
নির্নিমেষে দেখ্‌ছ একা
তুচ্ছ করি লজ্জা ভয় !

হংসের প্রতি

সখা, মথুরার পথে সেই পথিকের
রাতুল চরণ পাতে
মুখর হ'য়েছে সব ;
পুর-নারীদের রতি-জল্পনা-ভরা
যৌবন মদিরাতে
ওঠে কৌতুক রব।

আ-ত্রিংশ

মুহুর্মুহুঃ ঊর্দ্ধ পথে চাইছ কেন সখি,
মনের কোণে ভাসে গো কার কথা ?
ক্ষণকালেই বার্ত্তা পাবে সেই-সে দয়িতের
জুড়াবে সই প্রাণের যত ব্যথা।
কমলমুখি, দেখ্‌লে তোরে স্বতই জাগে মনে
নয়ন পথে ভাস্‌ছে বুঝি তোর—
রমণী-মন পাগল-করা নবনীরদ কালা
অবলাদের নিঠুর চিত চোর।

উ-চত্বারিংশ

রোদনের ভারে পাশরিয়া লাজ
কেন লো মরিস্‌ রাধে,
মধুবন ছাড়ি আসিবে সে পুন
পড়িবে নয়ন ফাঁদে।
তেমনি করিয়া চটুল তোমার
চাহনি ঘিরিয়া কালা
পলে পলে স প্রেম কুতূহলে
গাঁথিবে প্রণয় মালা।

একচল্লিশ

ক্রমে ক্রমে ছাড়িয়ে সখা
বৃষ্ণিগণের নিবাসভূমি
অসঙ্কোচে প্রবেশ ক'রো
অন্তঃপুরের মধ্যে তুমি।
হর্ম্ম্যশিরে দেখ্‌বে সেথা
গগন-ছোঁয়া নিশানগুলি,
গর্ব্বভরে বিরাজ করে,
বিজয়ধ্বজা উচ্চে তুলি।

চল্লিশ

সে-মুখ ইন্দু দিবস যামিনী
রসিকা নাগরীগণে
বিপুল হরষে করে দরশন
প্রেম-মুকুলিত মনে ;
গোপিনীকুলের শিয়রে ছড়ায়ে
সঘন বিপদজাল,
মদনবিলাসে রতিপুলকিতা
রভসে যাপিছে কাল।
সোহাগ-উজলা সে পুর-বনিতা
নয়নে ছোঁয়াবে প্রীতি,
গভীর আবেশে ছুলিয়া উঠিবে
তোমার মানস-বীথি।

বিয়াল্লিশ

সেই প্রাসাদের শীর্ষদেশে
স্ফটিক-রচা মরাল শত,
মাণিক্য-রাগ ওষ্ঠে মাখি
বিভব শোভা বাড়ায় কত।
দেখ্‌বে সেথা চিত্তভ্রমে
সলিলচারী হংসগণ—
সুহৃদ্‌ ভাবি পুত্তলিকে
জানায় প্রীতি সম্ভাষণ।

ক্রমিকা

আপন আপন স্মরণ লাগি
ব্রজের বধূগণ
সখার হাতে যে শুকমিথুন
ক'র্‌লো সমর্পণ,
শুন্‌বে তারা বৃষ্ণিপুরে,
আজিও নানা ছন্দে সুরে
গাইছে পথে পথে ;
ব্রজবালার চিত্তবেদন
ঝ'র্‌ছে কণ্ঠ হ'তে।

শুনবে সেথা

পাশরি' সকল বাধা,
প্রিয়সখী পাশে
আকুল পিয়াসে
ক'য়েছিল কবে রাধা—

তেতাল্লিশ

'গোপবালা কুল বিরহে আকুল
বিফলে খুঁজেছে যাঁরে,
যমুনা-পুলিন কুঞ্জে বিলীন
আমি যে হেরেছি তাঁরে ;
নয়নে নয়ন মিলেছে যখন
বিলোল চকিত হাসি
মিলন-তৃষিত চাতক এ-চিত
করিয়াছে অভিলাষী।
জলদ-মেদুর সেরূপ মধুর
আর কি জীবন পথে,
সজল ছায়ায় নিবিড় মায়ায়
লভিব হৃদয় রথে ?'

কমল-আননী কমলা সখীর
ধরিয়া কমল করে,
সাদর সোহাগে প্রিয় সহচরী
কহিল ব্যথিত স্বরে—

চুয়াল্লিশ

'নয়নের জল মুছে ফেল সখি,
বিষাদ রেখো না মনে ;
আপন সত্য রাখিতে সে-কালা
ফিরিবে বৃন্দাবনে।
নবীন পুচ্ছে মোহন চূড়াটি
যতনে রচিয়া মাথে,
বাঞ্ছিত-চির দয়িত সে-তব
মিলিবে তোমার সাথে ॥'

ছে'চল্লিশ

তারপরেতে যত্নে ধীরে
প্রবেশ ক'রো কক্ষমাঝে,
গবাক্ষেতে আন্দোলিত
মুক্তাবলী যেথায় রাজে ;
হেমাঙ্কিত বর্ণমালায়
ব্রজলীলার কীর্ত্তিগান
ভিত্তিবুকে দেখ্‌বে সেথা
উজ্জল চির দীপ্যমান।

পঁয়তাল্লিশ

প্রাসাদ-শিখরে গগনচুম্বী অগুরু-ধূমের লতা
জলদ-বিলাসী ময়ূরের বুকে জাগাইছে ব্যাকুলতা ;
শ্যামল মেঘের দরশনে যেন পুলকিত তনুমন,
পেখম ছড়ায়ে করে তাই স্তুতি বন্দনা অনুখন।
সেরূপ নেহারি জাগে যদি চিতে বাঞ্ছিত প্রীতিকণা,
সলিল-বিহারী, জয়ী হবে তবে জলসহচরপণা।

পুর-নারীদের রতি-কল্পনা-ভরা
যৌবন মদিরাতে, ওঠে কৌতুক রব।

সাতচল্লিশ-আটচল্লিশ

শুভ্র কোমল বিরাম-শয়নে
আধো-নিমীলিত আঁখি,
চন্দ্র সমান উজল শিথানে
কফোণি-যুগল রাখি,
সৌম্যমূরতি শ্যামসুন্দর
তনু অতি-সুকুমার
বঙ্কিম ছাঁদে এলায়ে দিয়েছে ;
অপরূপ শোভা তার
অমৃতময় মোহন পরশে
অনিমিখ আঁখি তব,
ভরিবে নিত্য প্রমোদ-সুখের
সুধারসে অভিনব ।

হেরিবে অঙ্গে যমুনাধারার
উছলিত রূপশোভা ;
মণি-কুণ্ডল কপোলপ্রান্তে
উলসিত মনোলোভা ;
কনকলক্ষ্মী-পরিমল-জিনি
শোভে পীতবাসখানি,
ত্রিলোক-কান্তি-নিছানি-রচিত
শয়নে চক্রপাণি ।

পঞ্চাশ

সে যদুপতির অদূরে বসিয়া
তুলিয়া মধুর তান,
যদুকুল-পিতা বিকদ্রুবর
গাহিছে পুরাণ-গান।
মণিময় থামে হেলাইয়া তনু
কুরুকথা-রচয়িতা,
দাঁড়ায়ে সুমুখে বিভীষণ সেই
নিঠুর পাষাণ মিতা!

ঊনপঞ্চাশ

অলিন্দে হেরিবে সখা,
রত্নযষ্টি মরকতময়;
নিদ্রালু কলাপী যেথা
ক্লান্তি ভরে অঙ্গ ঢেলে রয়;
অকুণ্ঠ হৃদয়ে তুমি
শ্রান্তি দূর ক'রো তারি 'পরে;
সযত্নে প্রতীক্ষা ক'রো
শ্রীকান্তের অবসর তরে।

বাহান

বিহগপতি বিষ্ণুবাহন আদেশ-অপেক্ষায়,
কৃতাঞ্জলি সজাগ মনে প্রভুর পানে চায়।
ক্ষিপ্র বেগে বিপুল বলে চ'লবে যবে ধেয়ে,
ধূসর-পাখা ছড়িয়ে সারা আকাশখানি ছেয়ে,
তর্ক ভুলি' অবাক্ হ'য়ে পুর-বালক সবে
হৃষ্টচিতে নিনিমেষে ঊর্দ্ধে চেয়ে রবে।

একান্ন

রত্ন-উজল বৃষ্ণি-যুগল
ধরিয়া মদনমোহন বেশ,
করিছে ব্যজন সে-প্রিয় স্বজনে
দোলায়ে যত্নে চামর-কেশ।
গুরুদেবতার শিষ্য উধব
বসিয়া স্বর্ণ-ভূতল-গেহে,
ধরিয়া অঙ্কে চরণপদ্ম
করিছে স্পর্শ পরম স্নেহে।

ত্রিপাঠ

চতুর্মুখে ব্রহ্মা যাঁহার
রূপের কথা কইতে নারে,
অবলা এই গোপাঙ্গনা
সে গান কিগো গাইতে পারে !
তবুও সখা নারী-সুলভ
তরল মনের প্রগল্ভতায়,
অকুণ্ঠা এই ব্রজাঙ্গনা
সেই অসীমের বন্দনা গায়।

ব্যাকুলচিত স্বয়ম্ভূবের শীর্ষচূড়া চরণ যাঁহার,
নিত্য সখা প্রণামকালে স্পর্শ করে সহস্রবার ;
দেবর্ষি যে-রাতুল পদের দীপ্ত শোভা ক্ষণেক হেরি,
হর্ষরসে বিবশ হিয়া, তৃপ্তি লভেন অনন্তেরি।
সাধক যারা মুক্তিকামী নির্ব্বাণেতে বিরাম যাচে,
কেমন ক'রে জানবে তারা সেইচরণেকি রূপআছে

পঞ্চান্ন

রূপপিয়াসী সূর্য্যবধূ
সে-চরণের রূপ কামনায়,
গভীর জলে বর্ষধরি'
জীবন যাপে তপ-সাধনায়।
নীচের হেন স্পর্দ্ধা হেরি
কঠোরতপা হিমঋষিবর
মরণবিধি দণ্ড দিতে
ছড়ায় ঘন তুহিন-নিকর।

ছাপান্ন

মরকতময় কদলী জিনিয়া
শোভয়ে উজল জানু,
দ্যুতি-বিলসিত উল্লাস-ভরা
যেন সে প্রভাত ভানু।
রতি-গরবিনী গোপিনীকুলের
উদ্দাম চিত-চয়,
মত্ত দ্বিরদ সম নিশিদিন
বদ্ধ সেথায় রয়।

সাভান

নাভি সরোবরে তাঁর—
আভীরিগণের নয়ন শফরী
ঘুরে মরে বার বার
অসীম পয়োধি জলে—
সৃষ্টি যেদিন জাগিয়া উঠিল
সৃজনের কুতূহলে,
সেই নাভি হ'তে ধীরে—
শ্বেত-শতদল হ'ল বিকশিত
বিশ্ব-পিতারে ঘিরে

আটান

সে নীবিবন্ধে ত্রিবলি বাঁধন
শোভে অতি মনোরম ;
নয়ন জুড়ায়ে জননী যশোদা
হেরেছিল নিরুপম।
ত্রিলোক ভুবন নিরখি' যাহার
গোপন হৃদয় তলে,
চকিত চমকে স্নেহময়ী দেবী
ভাসিল চোখের জলে।

উনষাট

সে বিশাল বুকে দোলে বনমালা
উজ্জ্বল সুললিত,
দরশনে যার কৃশতনু বালা
রতিরসে বিগলিত ;
অনুরাগ ভরে প্রেম-অবনতা
সে হৃদি পদ্ম 'পরে
মনসিজ-জ্বালা জুড়াতে সতত
আবেশে ঢলিয়া পড়ে।
শত তপনের কিরণ-বিজয়া
কৌস্তুভমণি হায়,
দীপ্ত সে-হৃদে খদ্যোৎসম
নিষ্প্রভ হ'য়ে যায়।

ষাট

ইন্দ্রনীল কান্তিময়
সুকুমার সে বাহু-যুগল
গাঢ়বদ্ধ আলিঙ্গনে
গোপীগণে ক'রেছে পাগল।
সু... সে বাহুমূলে
কেশি-দৈত্য দশনের রেখা,
রত্ন অলঙ্কার মাঝে
স্পষ্ট সথা আজো যাবে দেখা।

একষট্টি

নিছানি নবনী লাবণি-লহরী
সে মুখ কমল শোভে;
মদন-পিয়াসী গোপবালাকুল
ধায় যেথা মধু লোভে।
আকুল প্রেমের আবেশ-মধুর
ললিত ভ্রূলতা দুটি
কপোল-প্রান্তে চপল লীলায়
নৃত্যে পড়িছে লুটি।
উজল মুক্তা জিনিয়া শোভায়
বিমল দশন-মালা
ঈষৎ হাস্যে অবলা হৃদয়ে
বাড়ায় মদন-জ্বালা।

বাষট্টি

হে মধু-কণ্ঠ সখা!
বিফল এসব রূপ-পরিচয়,
নাহি কোন প্রয়োজন;
নয়নে হেরিয়া যারে,
উথলি উঠিবে হৃদি-পরিমল,
সেই সে রসিক জন।

দেখ যদি তাঁরে পুরবালা সাথে
বিলাস-বিভোর প্রাণে,
গ্রাম্য এ সব গোপিনী-বারতা
তুলনা তাঁহার কাণে।
সুধা রসে যাঁর মিটিছে পিয়াসা
অমিয় মধুর স্বাদে,
রসলেশহীন তক্রের তরে
তাঁর কি পরাণ কাঁদে ?

চৌষট্টি

যদি কোনদিন গিরি-মল্লিকা
সুরভি পরশ লাগি,
বন-কোকিলের মধু ঝঙ্কারে
স্মৃতিপথে উঠে জাগি
অতি পুরাতন বৃন্দাবনের
বিজন এ-তট ভূমি,
সেই অবসরে মোদের বারতা
নিবেদন ক'রো তুমি।

পঁয়ষট্টি

সে ধীরললিত রসিক নাগরে
বʼলো তুমি সখা ধীরে,
ব্রজবাসকালে প্রণয় আবেশে
সুজলা যমুনাতীরে—
অতিপ্রিয় জ্ঞানে শত সম্মানে
যাহারে সেধেছে কত,
বান্ধবী তার করে নিবেদন
চরণে হইয়া নত।

ছেষট্টি

নব কমলিনী-পল্লব দানে
শিশুকাল হʼতে ধীরে—
অতি যতনে পালন কʼরেছ
কপিলা যে গাভীটিরে,
স্তনভারে আজি প্রষ্ঠোহী সেই
আনত-জঘনা প্রিয়,
বারেক আসিয়া দেখে যেও তার
রূপশোভা রমণীয়।

সাতষট্টি

নীপতরু পাশে
নব-পত্রিনী সেই-সে মাধবীলতা,
তুমি যারে সখা
ক'রেছ যত্নে রসালঅঙ্কগতা,
এখন সে শুধু
কাঁদিছে দুঃখে মধুবর্ষণ ছলে,
তাহারে হেরিয়া
গোপবালাকুল ভাসিছে অশ্রুজলে।

দেবকীপ্রসূত পুরুষপ্রধান
পরমানন্দ দানে,
গোকুলে জাগাল মঙ্গলগান
যতেক গোপাল প্রাণে;
গান্ধিনী-সূত অক্রূর সেই
উজল বিভবরাশি
মুছে দিয়ে গেল নিঃশেষে সখা,
ক্ষণেকের তরে আসি।

ঊনসত্তর

ব'লো তাঁরে সখা তুমি,
সে কালা বিহনে
এ-বন বিজনে
কাঁদিতেছে ব্রজভূমি।
নানা ভীতি বশে তাই,
অশুভ ভাবিয়া
অবলা এ-হিয়া
শন যাচে হায়!

কুঞ্জ আঙন সব—
উৎসব বিনে
ভ'রিয়াছে তৃণে,
থেমে গেছে কলরব।
ব্রজবাস পরিসরে—
প্রান্ত সুদূর
বেদনা বিধুর,
হিয়া দুরু দুরু করে।

সত্তর

আজি গোষ্ঠের গুল্মলতায়
ভরিয়াছে বিষজ্বালা,
বন-পুষ্পের মধু-সৌরভে
মুরছয়ে গোপবালা।
কৃষ্ণ-বিরহে হলাহল রাশি
উছলিছে বনে বনে ;
বল নিষ্ঠুর, কেন ফিরিবে না
আর এ-বৃন্দাবনে ?

একাত্তর

এখন তোমার চরণ-কমল সেবিছে নৃপতিবালা,
বনবিহারিণী গোপিনীসঙ্গ ভুলিয়াছ তাই কালা !
স্মরণে তোমার জাগে না আজিকে সেদিনের অভিসার,
মিলন-আকুল পিয়াসে যেদিন গহন অন্ধকার
প্রাঙ্গণতলে পল্লব-ঘন নিগর বিটপী পাশে—
উৎসুক নিশি যাপিয়াছ প্রিয় ক্ষণ-সঙ্গম আশে।

বাহাত্তর

ত্যজিয়াছ আজ গোপবালা সবে,
সে তো দোষ নহে তব।
কালিয়া বরণ রূপের এ রীতি
সহজাত অভিনব।
কাকের কুলায়ে কুটিল কোয়েলা
সযতনে বাঁধে বাসা;
বারন মানে না প্রণয় বাঁধনে,
শিখিলে আপন ভাষা।

তিয়াত্তর

জীবনে তোমার হ'য়ে গেছে সখা
যে নাটক অভিনয়,
বিপ্রলম্ভ রাসলীলা কেলি
সুগভীর রসময়;
চিরপরিচিত সে-বারতা প্রিয়
জানে যে সর্ব্বজন।
মুছে গেছে কিগো স্মৃতি হ'তে তব
সে মধু বৃন্দাবন?
অতি প্রিয়ভাষে প্রণয় সোহাগে
নিবিড় আলিঙ্গনে—
বেঁধেছিলে যারে, সে-দীনা রাধারে
আর কি পড়ে না মনে?

আজিকে তোমার দরশন বিনা
কি দশা ঘটেছে হায়,
জানাতে তোমারে ওগো অকরুণ
ভাষা যে আমার নাই।
নিঠুর দরদী প্রেম অভিনয়ে
ক'রেছিল যারে সার,
অতি সামান্যা নায়িকা পদব
হইল কি সখা তার?

তোমার কুঞ্জ গৃহখানি সখা—
প্রেম সেচনের দ্রোণী,
রতি-স্নানে যেথা গোপবালাদের
কাঁপিত জঘন শ্রোণী।
এখন সেথায় শ্যাম-বিরহের
দারুণ অশনিপাতে,
ক্রন্দন-ভারে ব্রজবালাকুল
লুটাইছে আঙিনাতে।

ছিয়াত্তর

উদ্বেলিত অশ্রুরাশির
উচ্ছ্বসিত তরঙ্গে হায়,
পরাজয়ের বিপুল গ্লানি
গুম্‌রে ওঠে নীল যমুনায়।
সহোদরায় কাতর হেরি
কৃতান্ত সে কঠোর-প্রাণ
বিরহিণীর আহ্বানে আজ
গর্ব্বভরে দেয় না কান।

পঁচাত্তর

যদি সখা তব স্মৃতিপট হ'তে
বৃন্দাবনের কথা,
মুছে গিয়ে থাকে চিরদিন তরে,
না জাগে হৃদয়ে ব্যথা ;
মরণ বিনা যে গতি নাই আর
দুখিনী রাধার প্রিয়
যাপিবে কেমনে কুসুমগন্ধে
দিবস অসহনীয়।

সান্ত্বনা

অরূপ তোমার রূপের মাধুরী
বারেক হেরিয়া রাই
ঝাঁপায়ে পড়িল পতঙ্গী প্রায়
অনলে যাচিয়া ঠাঁই ;
আহুতি দিয়াছে আপনারে সেই
অভাগী সরলা বালা ;
কে জানিত সখা জীবন ভরিয়া
দহিবে গরলজ্বালা !

অকুশলা সেই অবলা রূপসী
বোঝে না আপন হিত,
হতাশা-ব্যাকুল বিরহেতে তাই
জ্বলিতেছে সম্বচিত।
যাহার লাগিয়া বিধুর অনলে
পুড়িতেছে প্রাণমন,
তাহারি চিন্তা হৃদয়ে বহিয়া
কাঁদিছে সে অনুখন।

কমলমুখী কনক-প্রভার
সহসা সেই মূর্চ্ছা হেরি,
সজাগ মনে আত্মজনের
ঘনায় ছায়া আতঙ্কেরি।
কেও বা ভাবে 'দুষ্টগ্রহ-
-দৃষ্টি লাগি অকস্মাৎ
লুপ্ত হ'ল সংজ্ঞা সখীর,
কিম্বা হ'ল সর্পাঘাত।'

উন-আশি

নিথর রাতে উতল হাওয়া
যে সুর তোলে বাঁশের বনে
আচম্বিতে দেয় দোলা তার
বক্ষে স্মৃতির আলোড়নে।
কাঁপন্ লাগে কোন অতীতের
মর্ম্মতলে গভীর ব্যথায়,
আপনহারা সঙ্গিনী মোর
অপস্মারে ধূলায় লুটায়।

আশি

দীর্ঘ বরষ মাস ব'য়ে যায় দরশ না পেয়ে তব,
অশুভ চিন্তা অন্তরে তাই জেগে ওঠে নব নব
বিশ্বজনের নয়ন-বিলাসী নিঠুর মথুরাপতি,
দূতমুখে তব কুশল বারতা দিওগো শীঘ্রগতি !

একাশি

চঞ্চল মনে যাপে নিশিদিন
অচলা প্রেয়সী রাই,
বিরহ-ব্যাকুলচিতে কভু সখী
সন্ন্যাসী পাশে ধায়।
তোমারি দরশ কামনায় প্রিয়
পার্ব্বতীকৃপা যাচে।
ছুটে যায় কভু বিরহ-বিধুরা,
ওষধিবিদের কাছে।

তিরাশি

ঘন-কর্পূর-উজ্জ্বল-তনু
শঙ্কর উমাপতি
গিরি-কন্দরে তব প্রেমরসে
নৃত্যবিভোর অতি ;
অনঙ্গ-রিপু সেই মহাদেবে
জপিছে সতত রাধা,
তোমারে লভিতে ওগো প্রিয়তম
নাহি রহে যেন বাধা ।

বিরাশি

কুব্‌জা সমান এ জগতে আর
সুকৃতি বলো কার ?
হৃদয়ে তোমার লভিয়াছে তাই
অবারিত অধিকার ।
প্রিয় সখী মোর বহিয়া আনিল
অজানা কি অভিশাপ,
দুর্লভ হ'ল জীবনে তাহার
ক্ষণিকের রসালাপ !

পঁচাশি

“অনুখন মাধব মাধব সোঙারিতে
সুন্দরী ভেলি মাধাই।
ও নিজ ভাব স্বভাব হি বিছুরল
আপন গুণ লুবধাই।
রাধা সঙে যব গুণতহি মাধব
মাধব সঙে যব রাধা।
দারুণ প্রেম তবহি নাহি টুটত
বাঢ়ত বিরহক বাধা।”

ছুরাশি

তমালাঙ্কুর বিদলিত রসে
মোহন-মূরতি শ্যাম
আঁকিয়াছে সখী আপনার মনে
বিলোল-উজল ঠাম ;
সযতনে সেই মূরতিরে ঘিরি,
বাহুবল্লরি দুটি
গভীর আবেশে জড়াইছে রাধা ;
পড়িছে ভূতলে লুটি।

ছেম্মাশি

শত সন্তাপ বিরহ-আগুনে
ক্ষেপন ক'রেছ হায়,
তবুও সে রাধা অনুদিন তব
লীলা সাধিবারে চায়।
কুলিশ-কঠোর হেরিয়া তোমায়
কুসুম-কোমলা প্রিয়া,
পাষাণ ক'রেছে তনুমন ওগো
মরণ-প্রলেপ দিয়া।

সাভাশি

সমাধি-নিরত যোগিগণ প্রভু
পায় তব দরশন,
শুনি সে বারতা বিরহিনী রাই
রচে কভু যোগাসন।
নয়ন গোচর হয় যদি শ্যাম
সাধিলে কঠোর ব্রত,
প্রণয়-ব্যাকুলা সযতনে তাই
সাধিতেছে অবিরত।

অষ্টাশি

যমুনার জলে বিকশিত নীল নলিনী-পলাশ সম,
অঙ্গে অঙ্গে জড়ায়ে তোমার কান্তি যে নিরুপম ;
বৃন্দাবনের সুরত-তরুণ নন্দ-দুলাল কালা,
তোমার স্মৃতির বেদনা বহিয়া কাঁদিতেছে গোপবালা।

ঊননব্বই

নিয়ত তোমার বিরহ তাপিত
সুকুমার মৃগ-প্রাণ,
কেমনে দয়িত সহিবে বল না
শাণিত মদনবাণ ?
হয়ত চকিতে ক্ষীণ সে তনুর
স্পন্দন যাবে থামি,
চিরদিন তরে সেই রাধা নাম
মুছে যাবে ওগো স্বামি !

নব্বই

মদন-বিজয়ী উমাপতি যেই
অনল-নয়নপাতে—
নিমেষে ভস্ম ক'রেছিল সখা,
লঘুচিত রতিনাথে,
চন্দ্রশেখর রজত-ধবল
পয়-ফেনরাশি সম,
উজল সে-রূপে সঁপিয়া চিত্ত
প্রিয় বান্ধবী মম
মদনে করিলে চিরতরে জয় ;
তোমারে পারিল কই ?
নিঠুর কুতুকি, লীলানলে তব
পুড়িয়া মরিল সই।

একানব্বই

গোপিনীগণের গোপন বারতা
তুমি জান যদুপতি,
তবু কেন প্রিয় রচিয়াছ এই
সুগভীর মায়া অতি
সখা-উদ্ধবে পাঠাইলে ব্রজে
শুনাতে যে নীতিকথা,
প্রখর আগুনে ঘৃতাহুতি সহ
বাড়াইল মনোব্যথা।

বিরানব্বই

বৃহস্পতি-শিষ্য উধব

মন্ত্রী আজি যদূত্তমের,

কঠোর-মনা যমুনা-সই

ভগ্নী সখা নিঠুর যমের।

সে রাজপুরে কে আর বল

পরিজ্ঞাত মোদের আছে,

যাহার মুখে এ-দুর্দশার

বার্ত্তা দিব তোমার কাছে ?

তিরানব্বই

তোমার লাগিয়া বিরহিনী প্রিয়া

শঙ্কা-জড়িত মনে,

ব'য়ে স্মৃতি রেখা ফিরিয়াছে একা

গহন গভীর বনে।

কনক-উজল সে-তনু কোমল

আজি কঙ্কাল সার;

লালা রস-তানে কানন-বিতানে

ওঠে না:কো ঝঙ্কার।

স্মিত আঁখিপাতে রতিমদিরাতে

ঝলিত যে-মৃদু হাসি,

আজি হতাশায় ভরিয়াছে তায়

মলিন কালিমারাশি।

ওগো নটরাজ. বলো কিবা কাজ

অতুল বিভবসুখে ?

পরশে তোমার প্রাণ সঞ্চার

হবে যে রাধার বুকে।

পঁচানব্বই

প্রতিকার তার বিফল জানিয়া
ক্ষান্ত হ'য়েছে সবে,
বিদলিত-তনু মদন-প্রকোপে
বল গো কেমন রবে ?
শুধু তব সখী 'আশা' সহচরী
শীর্ণ সে সরোবরে—
কুবলয় সম জেগে আছে সখা
প্রখর রবির করে।

ছিয়ানব্বই

এতদিন শুধু রাখিয়াছি প্রাণ
তব দরশন আশে
হয়ত নিঠুর আসিবে ফিরিয়া
পুনরায় ব্রজবাসে !
আজি শুকায়েছে সে-আশা মুকুল
আমের মুকুল হেরি ;
অতীত হ'য়েছে সে দিবস সখা,
আর যে সহে না দেরি।

ছিয়ানব্বই

হে রাসরসিক, বুঝি না তোমার
